

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

29 APRIL 2026

7:35—7:40 AM

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ গতকাল তাঁর কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে চৌঠা মে শিলচর রামনগর আই এস টি টি-তে স্ট্রং রুম সকাল ৭টায় খোলা হবে। সকাল ৮টা থেকে প্রথমে পোষ্টাল ব্যালট ও সকাল সাড়ে ৮টা থেকে ই ভি এম-এর ভোট গণনা প্রক্রিয়া শুরু হবে। জেলা আয়ুক্ত শ্রীগর্গ জানান যে জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা এক সঙ্গে অনুষ্ঠিত হবে এবং প্রতিটি বিধানসভা কেন্দ্রে ১৪টি করে টেবিল থাকবে। একমাত্র কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ২১ রাউন্ডে ভোট গণনা সম্পূর্ণ করা হবে, বাকী বিধানসভা কেন্দ্রগুলিতে ১৬ থেকে ১৭ রাউন্ডে গণনা সম্পূর্ণ হবে বলে জেলা আয়ুক্ত জানিয়েছেন।

গণনা প্রক্রিয়ায় ৭শ জন গণনা কর্মীকে নিয়োজিত করা হয়েছে বলে জেলা আয়ুক্ত জানান। জেলা আয়ুক্ত শ্রীগর্গ আরো জানান----

বাইট

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামী চৌঠা মে ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ভোট গণনা কেন্দ্র ও সংলগ্ন এলাকায় আইন শৃংখলা পরিস্থিতি তদারকি করতে কয়েকজন ম্যাজিস্ট্রেটের উপর দায়িত্ব অর্পণ করা হয়েছে।

এই দায়িত্বে নিয়োজিত ম্যাজিস্ট্রেটদের মধ্যে শিলচর সদর রাজস্ব চক্রের চক্র আধিকারিক অর্নব কুমার বরুয়া, ধলাই-র সহকারী আয়ুক্ত রজনীশ শর্মা, সহকারী

আয়ুক্ত ভায়োলিনা বরুয়া , সহকারী আয়ুক্ত অনিন্দিতা দাস , বড়খলার খন্ড উন্নয়ন আধিকারীক বিষু দাস , সহকারী কার্যবাহী বাস্তুকার অভিষেক পাণ্ডে রয়েছেন ।

হাইলাকান্দি জেলায় বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয় আরো শক্তিশালী করতে এনকর্ড ও ডি এল সি সি-র মধ্যে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত বৈঠকে জেলার বিভিন্ন বিভাগের কাজকর্ম , মাদক দ্রব্য নিয়ন্ত্রন ও আইন শৃংখলা পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হয় । গতকাল আয়োজিত এই বৈঠকে জেলা আয়ুক্ত শ্রীজৈন জানান যে প্রশাসন মাদক বিরোধী অভিযান আরো কঠোর করেছে এবং এক্ষেত্রে সব বিভাগ এক সঙ্গে কাজ করবে । বৈঠকে পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ বিভিন্ন বিভাগের আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

কাছাড় জেলায় আসন্ন বর্ষার মরশুমে বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি জোরদার জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত আয়ুষ গর্গের পৌরহিত্যে আয়োজিত বৈঠকে বন্যা প্রবন বুকিপূর্ণ গ্রামগুলির প্রস্তুতি ও বন্যা মোকাবিলায় ত্রান-উদ্ধার কার্য নিয়ে আলোচনা করা হয়েছে । বৈঠকে শিলচর পৌর নিগম কর্তৃপক্ষকে ওয়ার্ড ভিত্তিক কর্ম পরিকল্পনা গ্রহন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্যদ পরিচালিত চলতি বছরের উচ্চ মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফলে উত্তীর্ণের হার ৮১ দশমিক ৫-৪ শতাংশ । এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় তিন লক্ষ ২২ হাজার ৭শ ২৫ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছে । এরমধ্যে দুই লক্ষ ৬৩ হাজার ১শ ৫৫ জন উত্তীর্ণ হয়েছে । এই পরীক্ষায় মোট ১ লক্ষ ৪৫ হাজার ৪শ ২৪ জন ছাত্রী এবং ছাত্রীদের উত্তীর্ণের হার ৮৩ দশমিক ৩-২ শতাংশ । অন্যদিকে মোট ১ লক্ষ ৯১ হাজার ৭শ ৯৮ জন ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৭৯ দশমিক ৫-৪ শতাংশ ।

যেসব শিক্ষার্থীরা উত্তরপত্র পুনরমূল্যায়ন করতে আগ্রহী তারা ফলাফল ঘোষণার দুদিন পর চালু হওয়া পোর্টেলের মাধ্যমে এজন্য আবেদন করতে পারবে ।

উচ্চ মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা করার পর শিক্ষামন্ত্রী ডাঃরগোজ পেণ্ড বলেন

-----বাইট-----

বরাক উপত্যকার তিন জেলায় উচ্চমাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফলাফল হচ্ছে এরকম- কাছাড় জেলায় কলা শাখায় পাশের হার- ৫৯ দশমিক ৮৩ শতাংশ। এছাড়া বিজ্ঞান ও বাণিজ্য শাখায় পাশের হার হচ্ছে- যথাক্রমে- ৮৮ দশমিক ১৪ এবং ৭৭ দশমিক ৪৮ শতাংশ।

হাইলাকান্দি জেলায় বিজ্ঞান শাখায় পাশের হার হচ্ছে ৮১ দশমিক ১৭ শতাংশ। এছাড়া কলা ও বাণিজ্য শাখায় পাশের হার হচ্ছে- যথাক্রমে- ৬২ দশমিক ৮৫ শতাংশ এবং ৬৯ দশমিক ৬৮ শতাংশ।

শ্রীভূমি জেলায় বিজ্ঞান শাখায় ৯২ দশমিক ৩-২ শতাংশ, কলা শাখায় ৭৯ দশমিক ৭-৩ এবং বাণিজ্য শাখায় ৭৩ দশমিক ৫-৯ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।

হাইলাকান্দি জেলায় বিজ্ঞান শাখায় পাশের হার হচ্ছে ৮১ দশমিক ১৭ শতাংশ। এছাড়া কলা ও বাণিজ্য শাখায় পাশের হার হচ্ছে- যথাক্রমে- ৬২ দশমিক ৮৫ শতাংশ এবং ৬৯ দশমিক ৬৮ শতাংশ। এই জেলায় বিজ্ঞান শাখায় মোট অবতীর্ণ এক হাজার ৭৩জনের মধ্যে ৪৯১ জন প্রথম বিভাগে, ৩২২ জন দ্বিতীয় বিভাগে এবং ৫৮জন তৃতীয় বিভাগে পাশ করেছে। কলা শাখায় পাঁচ হাজার ৩৬০ জনের মধ্যে ৯০০ জন প্রথম বিভাগে, এক হাজার ৩৪৭ জন দ্বিতীয় বিভাগে এবং এক হাজার ৮২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এদিকে বাণিজ্য শাখায় মোট অবতীর্ণ ২২১ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৯ জন প্রথম বিভাগে, ৪৮ জন দ্বিতীয় বিভাগে এবং ১৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

শ্রীভূমি জেলায় বিজ্ঞান শাখায় ৯২ দশমিক ৩-২ শতাংশ, কলা শাখায় ৭৯ দশমিক ৭-৩ এবং বাণিজ্য শাখায় ৭৩ দশমিক ৫-৯ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।
